

# আগ্নেয়ান্ত্র দেখিয়ে আতঙ্ক সৃষ্টি করা সেই ছাত্রলীগ নেতাকে বহিষ্কার

নিজস্ব প্রতিবেদক, সাভার

১১ মে ২০২৩ ১২:০০ এএম | আপডেট: ১১ মে ২০২৩ ০১:৪১ এএম

বাংলাদেশ সংবাদ মন্ত্রণালয়

## আমাদের মন্ত্রণা

advertisement

চাঁদা না পেয়ে আগ্নেয়ান্ত্র দিয়ে গুলি ছুড়ে আতঙ্ক সৃষ্টি করে ব্যবসা প্রতিষ্ঠানে হামলা, ব্যবসায়িকে মারধর এবং টাকা ছিনতাইয়ের অভিযোগ পাওয়া গেছে সাভার পৌর ছাত্রলীগ সভাপতি মাসুম দেওয়ানের বিরুদ্ধে। এ ঘটনায় তাকে সংগঠন থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সভাপতি সাদাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালি আসিফ ইনান স্বাক্ষরিত এক প্রেস বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে।

মাসুম দেওয়ানকে কেন স্থায়ীভাবে বহিষ্কার করা হবে না তার উপর উপযুক্ত কারণসহ জবাব আগামী ৭ কার্যদিবসে মধ্যে কেন্দ্রীয় ছাত্রলীগের নির্বাহী সংসদের দপ্তর সেলে জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। এর আগে সাভার মডেল থানায় বিসমিল্লাহ ওয়াশ কারখানার স্বত্ত্বাধিকারী ইউসুফ আলী চুনু বাদী হয়ে চাঁদাবাজির অভিযোগে সাভার পৌর ছাত্রলীগের সভাপতি মাসুম দেওয়ানসহ ২১ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেন।

advertisement

সাভার পৌরসভার নামাগেন্ডা এলাকার হোসেন আলীর ছেলে মাসুম দেওয়ান ছাড়াও এজাহারভুক্ত অন্য আসামিরা হলেন সাবেক ছাত্রলীগ নেতা আলমগীর হোসেন (৩০), চাঁপাইন এলাকার বাসিন্দা ও ধর্ষণের অভিযোগে সাভার সদর ইউনিয়ন ছাত্রলীগের বহিক্ষুত সভাপতি সোহেল রানা ওরফে (৩৩), নামাগেন্ডা এলাকার হাবু মিয়ার ছেলে নাদিম দেওয়ান (২৪), উলাইল এলাকার আবদুল জলিলের ছেলে টিপু (২৮), কাতলাপুর এলাকার বাসিন্দা বাবু (২৮), একই এলাকার পলাশ (৩০), মজিদপুর এলাকার বাসিন্দা স্বেচ্ছাসেবক লীগ নেতা পাতেল (৩৫), নামাগেন্ডা এলাকার হানিফ মিয়ার ছেলে সজীব (২৪)।

মামলা হওয়ার পর থেকেই সাঙ্গেপাঞ্জ নিয়ে গা-তাকা দিয়েছেন মাসুম।

advertisement

সংগঠন থেকে মাসুমের বহিক্ষারের বিষয়টি নিশ্চিত করেছেন বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সভাপতি সাদাম হোসেন। মাসুমকে শিগগিরই গ্রেপ্তারের দাবি জানিয়েছেন স্থানীয়রা।

প্রসঙ্গত, গত শনিবার সাভার পৌরসভার আনন্দপুর এলাকায় পৌর ছাত্রলীগের সভাপতি মাসুম ও বহিক্ষুত অপর ছাত্রলীগ নেতা সোহেল রানা নেতৃত্বে সন্ত্রাসীরা ব্যবসায়ী ইউসুফ আলী চুনুর কাছে ১০ লাখ টাকা চাঁদা দাবি করে। চাঁদা না পেয়ে তারা ওই ব্যবসায়ী ও তার স্ত্রীকে মারধর করে টাকা ছিনতাই করে।